# ব্যান্সডক

## (বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার)

### বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

নম্বর: ৩৯.০৪.০০০০.০০২.১১.০০৩.১৯-৭৭৯২

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৯ / ২৪ নভেম্বর ২০২২

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে (Online) অনলাইনে http://bansdoc.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সায়েন্টিফিক অফিসার<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ০১<br>(এক)-টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, পরিসংখ্যান, রসায়ন বা ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) স্নাতকোত্তর পর্যন্ত পরীক্ষায় অন্যূন ২ (দুই) টি প্রথম বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২. | একাউন্টস্ অফিসার<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩. | ফটোগ্রাফিক সহকারী<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ১১০০০-২৬৫৯০ (১৩তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফটোগ্রাফিক কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৪. | টেকনিশিয়ান<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ১১০০০-২৬৫৯০ (১৩তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৫. | কম্পিউটার অপারেটর<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ১১০০০-২৬৫৯০ (১৩তম গ্রেড) | ০১<br>(এক)-টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৬. | সর্টার<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ০২<br>(দুই)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স এ সনদপ্রাপ্ত এবং কোন গ্রন্থাগারে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৭. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ০১<br>(এক)-টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ৮. | ইলেকট্রিশিয়ান<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ০১<br>(এক)-টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্সে উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, 'ক' অথবা 'খ' শ্রেণির লাইসেন্সধারী ইলেকট্রিশিয়ান অগ্রাধিকার পাবেন। |
| ৯. | পিএবিএক্স অপারেটর<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | সিনিয়র রেকর্ড কিপার<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৯০০০-২১৮০০ (১৭তম গ্রেড) | ০২<br>(দুই)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন গ্রন্থাগারে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১১. | ফটোকপি অপারেটর<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৮৮০০-২১৩১০ (১৮তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফটোকপি মেশিন চালনায় ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১২. | ফটোগ্রাফিক এ্যাটেনডেন্ট<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩. | অফিস সহায়ক<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ০৫<br>(পাঁচ)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪. | মালি<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৫. | পরিচ্ছন্নতা কর্মী<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে;<br>আরও শর্ত থাকে যে, জাত হরিজন প্রার্থী না পাওয়া গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলি:**

http://bansdoc.teletalk.com.bd তে প্রদত্ত নিয়মাবলি অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।

১। **স্মারক নম্বর ৩৯.০৪.০০০০.০০২.১১.০০৩.১৯-২৩৮৭ তারিখ, ২১/০৭/২০১৯ -এর মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই এবং ইতঃপূর্বে আবেদনকারীদের তালিকা ব্যান্সডক ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশিত হবে।**

২। অনলাইনে আবেদনপত্র পূরণের এবং পরীক্ষার ফি জমাদানের শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময় :

ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/১২/২০২২ সকাল ১০.০০ টা।

খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/১২/২০২২ বিকাল ০৫.০০ টা। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

গ) পরীক্ষার ফি জমাদানের নিয়ম: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে আবেদনকারীর ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ক্রমিক নম্বর ১ এবং ২ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০.০০ টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ৫৬.০০ টাকা, ক্রমিক নম্বর ৩-৯ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০.০০ টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা এবং ক্রমিক নম্বর ১০-১৫ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০.০০ টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন।

প্রথম SMS: BANSDOC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* **BANSDOC ABCDEF**

দ্বিতীয় SMS: BANSDOC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* **BANSDOC YES 12345678**

৩। ক) ০১ ডিসেম্বর ২০২২ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ১৮-৩২ বছর।

খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকে আবেদনকারীর বয়স ২৫.০৩.২০২০ খ্রি. তারিখ সর্বোচ্চ বয়সসীমার ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত কর্তৃপক্ষের অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

৫। <u>মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:</u>

প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র কন্যাদের পুত্র কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপনের আলোকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা /পিতামহ/পিতামহী/ মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সম্বলিত এসএসসি বা সমমানের সনদ/এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট / জন্ম তারিখ সম্বলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখতে হবে।

৬। ৫ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য কাগজপত্র ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

৭। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীতা দাবি না করলে নতুন করে কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল কিংবা বিধিমোতাবেক নিয়োগ সংক্রান্ত যেকোন পরিবর্তন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। ব্যান্সডকের ওয়েবসাইটে www.bansdoc.gov.bd, http://bansdoc.teletalk.com.bd প্রদত্ত নিয়মাবলি অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd; এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https.//www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BANSDOC; Post Name******, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

১২। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচি যথাসময়ে ব্যান্সডকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। **মৌখিক পরীক্ষার জন্য ডাকযোগে আলাদা** করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

১৩। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রসমূহের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

মহাপরিচালক
বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড
টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)